



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ০১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৮৬-আইন/আয়কর/২০১৪।- Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর পঞ্চদশ (ন) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৯-আইন/আয়কর/২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর-

(ক) তফসিল-ক এর-

(অ) দফা (১) এর “৮ (আট)” সংখ্যা, শব্দ ও বন্ধনী এর পরিবর্তে “ ১২ (বার)” সংখ্যা, শব্দ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) দফা (৫) এর পরিবর্তে নিম্নরূপ দফা (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(৫) কোন কোম্পানী কর্তৃক ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে ঈর্ষাজ এর আওতায় অনুদান বা অর্থ প্রদান করিতে হইবে।”;

(খ) তফসিল-খ এর-

(অ) দফা (২১) এর প্রান্ত:স্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে; এবং

(আ) দফা (২২) এর প্রান্ত:স্থিত “।” দাড়ির পরিবর্তে “; এবং” সেমিকোলন ও শব্দ প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নতুন দফা (২৩) সংযোজিত হইবে, যথা:-

“(২৩) কোন বিশেষ দুর্যোগ বা টুর্গামেন্ট বা জাতীয় অনুষ্ঠানের জন্য গঠিত এবং সরকার অনুমোদিত তহবিলে প্রদত্ত অনুদান।”।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)